usha martin
Usha Martin Limited
2A, Shakespeare Sarani, Kolkata (formerly Calcutta) - 700 071, India
Phone : (00 91 33) 71006300, Fax : (00 91 33) 2282 9029, 71006400/500
CIN:L31400WB1986PLC091621
Website:www.ushamartin.com

UML/SECT/

20th November 2021

The Secretary
National Stock Exchange of India Ltd
Exchange Plaza,
Plot No.C/1, G Block,
BKC, Bandra (E) Mumbai – 400 051
[Scrip Code : USHAMART]

The Secretary
The BSE Limited
Phiroze Jeejeebhoy Towers,
Dalal Street
Mumbai – 400 001
[Scrip Code : 517146]

Societe de la Bourse de
Luxembourg
35A Bouleverd Joseph II
L-1840, Luxembourg
[Scrip Code: US9173002042]

Central Depository Services (India) Limited
Marathon Futurex, A-Wing
25th Floor, N M Joshi Marg, Lower Parel
Mumbai – 400 013

National Securities Depository Ltd
Trade World, A Wing, 4th Floor,
Kamala Mills Compound,
Senapati Bapat Marg, Lower Parel
Mumbai – 400 013

Dear Sir / Madam,

Sub : Postal Ballot Notice – Newspaper Publication

In continuation to our letter dated 19th November 2021, inter alia, with regard to Postal Ballot Notice of the Company for intimating that the Ordinary Resolutions are proposed for consideration by the Members of the Company for passing by means of Postal Ballot by way of voting through Remote e-Voting, please find enclosed the copy of the advertisement published on Saturday, 20th November 2021 in English and Regional Newspaper (Bengali).

The same has also been made available on the Company's website at the following web link www.ushamartin.com.

This is for your information and records.

Thanking you,

Yours faithfully,
For Usha Martin Limited

Shampa Ghosh Ray
Company Secretary

Encl : as above

AI wins legal battle on services tender

Sabre moved Delhi HC challenging bias in passenger services system tender in favour of rival Amadeus

ANEESH PHADNIS
Mumbai, 19 November

Air India had invited bids for a new seven-year passenger services system contract in March as its existing agreement with SITA is due to end next year

The Delhi High Court has refused to set aside Air India's decision to award the passenger services system (PSS) contract to Amadeus and dismissed rival firm Sabre's plea in this regard.

"We are not inclined to grant any relief to the petitioner (Sabre). The petition is accordingly rejected," a division Bench of the Delhi High Court said on Wednesday.

A PSS covers wide-ranging functions, including flight scheduling, ticket reservation, e-commerce, loyalty programme and departure control.

Air India had invited bids for a new seven-year PSS contract in March as its existing agreement with SITA is due to end next year.

Sabre moved the high court in June after Air India selected Amadeus for the contract and accused the national carrier of favouritism in the selection process. It said the selection criteria was tailored to suit Amadeus. Sabre further claimed that acquiring its product would save Air India of ₹900 crore.

While Sabre's financial bid was ₹1,039 crore, Amadeus quoted ₹1,957 crore for the contract. Sabre's overall score, under the quality-cum-cost-based selection method, was lower than Amadeus. Hence, it was not selected for the contract. The high court observed that in order to interfere in commercial transactions, the court must be satisfied that there exists some element of public interest.

"Keeping in mind that Air India has financial stress and is being disinvested, such a tender is not in public interest and cannot be accepted. A passenger service system is need of the hour for Air India, considering its existing service provider would stop providing services from June, 2022," the division Bench noted.

"Air India is the best judge of its own requirements, that is, choosing a system that gives it an edge over its peers, which ultimately, will translate into increased revenue. As a result, merely because the financial bid of the petitioner is the lowest, it would not mean it is automatically to be accepted," the Bench said.

Air India and Sabre did not respond to an email query.

In a statement, Amadeus said, "We do not comment on ongoing discussions with our partners. Amadeus is committed to securing long-term relationships with all partners in the travel community. We have developed our technology in partnership with the travel industry for over 30 years."

While law firm MVKini represented Air India, JSA and Khaitan & Co appeared for Sabre and Amadeus, respectively.

Low prices, high costs hit tea profits

ISHITA AYAN DUTT
Kolkata, 19 November

Major tea companies clocked in lower profits in the second quarter of the financial year compared to the year-ago period as it faced twin challenges of a sharp drop in tea prices from last year's record levels combined with a higher wage cost.

Last year, companies reported higher profits – even on lower volumes due to a widespread disruption caused by the Covid-19 pandemic — as tea prices rallied. But as supply normalised from June, prices started dropping.

A report by Icra said tea prices remained strong in Q1FY2022 and started sliding with the onset of the peak production months of the current year. Average prices at North India auction centres during H1FY2022, were down by ₹60 a kg (23 per cent) on a YoY basis.

SLIPPING GAINS

(₹ crore)	Net sales Sep 2020	Net sales Sep 2021	Net sales YoY Chg (%)	Reported profit after tax Sep 2020	Reported profit after tax Sep 2021	Reported profit after tax YoY Chg (%)
Mcleod Russel	499.0	493.9	-1.0	152.0	122.6	-19.3
Goodricke Group	341.1	276.0	-19.1	72.9	55.4	-23.9
Jay Shree Tea	265.4	203.0	-23.5	66.8	27.3	-59.1
Dhunseri Tea	148.0	133.5	-9.8	24.8	26.8	7.9
James Warren Tea	51.2	47.0	-8.2	48.8	13.3	-72.7
Warren Tea	53.1	41.5	-21.9	19.2	4.1	-78.9
	1,357.7	1,194.7	-12.0	384.5	249.5	-35.1

Source: Capitaline; Compiled by BS Research Bureau

Import surge

Further, a surge in imports is threatening to compound problems for producers. "Imports increased substantially in the last two years. This is definitely a cause for worry as there is an oversupply situation in India today. Imports coming in will add to the over-supply situation, which will further depress the prices," said Indian Tea Association chairman Vivek Goenka.

According to figures available on the Indian Tea Association (ITA) website, imports during January-August 2021 stood at 16.97 million kg compared to 12.65 million kg in 2020. Imports from Kenya saw a sharp jump at 146 per cent.

Imports have been a cause for concern for a while now. The 104-day closure in Darjeeling for Gorkhaland agitation in 2017 led buyers to substitute the famed Darjeeling tea with Nepal teas. In the domestic market, loose leaf retail are its buyers and in the export market, like Germany, it's sold as "Himalayan" blend.

But over the past year, imports from Nepal have dropped from 6.65 million kg to 4.77 million kg. "The imports from Nepal have been checked to an extent as the West Bengal government stopped smuggling through the porous borders. This has already resulted in an increase in Darjeeling tea prices compared to last year," explained Atul Asthana, MD and CEO, Goodricke Group.

The Tea Board has also taken a series of steps to clamp down on imports.

Quality pays

Even though prices are lower than last year, quality teas are fetching higher prices.

"The domestic market has started demanding more quality teas. Unless consumption and exports increase, the market will focus on only better quality teas, but the bottom of the market will not move up," said Azam Monem, wholetime director, McLeod Russel India.

However, the problem is that it's a handful of estates producing quality tea. Quality tea is not only selling at good prices but also selling easily. "But that is only a small percentage of overall quantity that is produced," Goenka said.

Scindia urges states, UTs to cut tax on jet fuel

In yet another appeal, Civil Aviation Minister Jyotiraditya Scindia on Friday urged states and Union Territories to reduce the tax on jet fuel as it will help in increasing air traffic.

The civil aviation sector, which was significantly hit by the coronavirus pandemic that had also resulted in the suspension of scheduled domestic and international flights, is slowly coming back on the recovery path, and air traffic is nearing pre-Covid levels.

Against this backdrop, Scindia has been urging states and UTs to reduce Value Added Tax (VAT) on aviation turbine fuel (ATF), which accounts for a major chunk of an airline's operational costs.

Addressing the conference of ministers of civil aviation from states and UTs in New Delhi, he stressed the cooperation and support of all stakeholders for strengthening the civil aviation sector.

The minister has appealed to the states and UTs to bring down VAT on aviation fuel as it contributes majorly to the operational cost of the flights, according to an official release. PTI

PhonePe to buy back ESOPs worth ₹135 cr from employees

DEEPSEKHAR CHOUDHURY
Bengaluru, 19 November

Fintech start-up PhonePe on Friday said it would buy back ₹135 crore worth of employee stock options (ESOPs).

The buyback offer follows a three-tier model, based on seniority: founders will not be participating in the buyback, top leadership can sell up to 10 per cent of their vested stock and all other current employees can sell up to 25 per cent of their vested stock.

Manmeet Sandhu, head of HR at PhonePe, said, "Last December, we launched a new PhonePe ESOPs plan and issued ESOPs to 100 per cent of our employees across levels, functions and grades. All these employees will complete the one-year cliff of their stock vesting next month, so it's a great time to offer some liquidity to everyone."

"Almost 75 per cent of our current workforce is eligible to participate in the current buyback offer, and for most it's the first time in their careers that they've either owned ESOPs or had a chance to liquidate them."

In December last year, PhonePe launched a program to allot ESOPs to all its 2,200 employees starting at a minimum of ₹3.5 lakh, cumulatively worth ₹1,500 crore.

শহর ও জেলার খবর

পশ্চিম মেদিনীপুরের দাসপুর ২ নং ব্লকে সমবায় সপ্তাহ উপলক্ষে ঘাটাল সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের অনুষ্ঠানে মন্ত্রী ড. সৌমেন মহাপাত্র।

খড়গপুরে বেআইনি ফ্ল্যাট নির্মাণের বিরুদ্ধে হাইকোর্টের দ্বারস্থ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী

নিজস্ব সংবাদদাতা, খড়গপুর, ১৯ নভেম্বর— খড়গপুর পুরসভার তিন নং ওয়ার্ডের বিদ্যাসাগরপুরে একটি অবৈধ নির্মাণের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে রিট পিটিশন (১৬৭৯৯/২০২১) দাখিল করলেন নির্মীয়মান ফ্ল্যাটের প্রতিবেশী নিতাই মাসান্ত। কোনো নিয়ম না মেনে জি প্লাস ছয় ফ্ল্যাটের নির্মাণ কাজ চলায় তার দোতলা পাকা বাড়ি ধসে যেতে পারে এই আশঙ্কায় পুরসভায় চেয়ারপার্সন, কার্যনির্বাহী আধিকারিক, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারকে বারংবার অভিযোগ জানিয়েও কোনো ফল না হওয়ায় বাধ্য হয়েই হাইকোর্টের শরণাপন্ন হয়েছেন অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী নিতাইবাবু।

২০১৯ সালের মে মাসে নিতাইবাবুর বাড়ির পাশে দশ ফুট গভীর গর্ত করে মটি কাটার কাজ শুরু করে সুধা ডেভেলপার কনস্ট্রাকশন। এই প্রমোটার সংস্থার মালিক এন কৃষ্ণা রাও এবং তাঁর স্ত্রী এন অরুণা। বিদ্যাসাগরপুরের এই প্রকল্পের আরেক অংশীদার ওষুধ ব্যবসায়ী প্রদীপ ভট্টাচার্য। মাসান্তবাবুর বাড়ির সীমানা প্রাচীরের কিছুটা অংশ মাটি কাটার জন্য ভেঙ্গে যায়। এরপরেই ২০১৯ সালের ২৯ মে বাড়িতেও ধ্বস নামার আশঙ্কায় ফ্ল্যাটের নির্মাণকাজ বন্ধ করার জন্য পুরসভার চেয়ারপার্সন এবং খড়গপুর টাউন থানার আইসিকে লিখিতভাবে অভিযোগ জানান নিতাইবাবু। কিন্তু পুরসভা নিষ্ক্রিয় থাকায় ২০১৯ সালের ২১ জুন খড়গপুরের মহকুমাশাসককে লিখিত অভিযোগ দায়ের করেন নিতাইবাবু। সেই অভিযোগের ভিত্তিতে মহকুমা শাসক খড়গপুরের পুরসভার চেয়ারম্যানকে পুর আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন (মেমো নং ১৭৮৭/কেজিপি, তাং ২৪ জুন)। এরপরেও পুরসভা কোনো ব্যবস্থা নেয়নি। উল্টে নিতাইবাবুর সীমানা প্রাচীরের সঙ্গে মিশিয়ে ৩৫ ফুট লম্বা ও ৬ ফুট চওড়া সেফটি ট্যাঙ্ক তৈরি করার কাজ শুরু করল ফ্ল্যাটের নির্মাণকার সংস্থা। পুর আইন অনুযায়ী ফ্ল্যাটের পিছনদিকে ১২ ফুট জায়গা ছাড় দেওয়ার কথা। কিন্তু সুধা ডেভেলপার সেফটি ট্যাঙ্কের ক্ষেত্রে কোনো ছাড়ই রাখল না। ফ্ল্যাটের বেসমেন্ট তৈরির সময় মাত্র দেড় থেকে দু' ফুট ছাড় দেওয়া হল। এই বিষয়ে পুরসভার চেয়ারম্যান এবং কার্যনির্বাহী আধিকারিকে আবার ২০১৯ সালের ডিসেম্বর মাসে অভিযোগ জানালেন নিতাইবাবু। অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, স্যানিটারি ইন্সপেক্টরকে সঙ্গে নিয়ে স্থানীয় কাউন্সিলর ঘটনাস্থলে এসে সেফটি ট্যাঙ্ক ভাঙ্গার নির্দেশ দিলেন। ২৫ শতাংশ ভেঙ্গেই কাজ বন্ধ রাখা হল। অজুহাত দেওয়া হল, শ্রমিক নেই। নিতাইবাবুর বক্তব্য, ফ্ল্যাটের কাজ জোরকদমে চললেও সেফটি ট্যাঙ্ক ভাঙ্গার শ্রমিক পাওয়া যাচ্ছে না। প্রমোটারের এই ছেঁদো যুক্তি কতদূর টেঁকে?

এরপরে দীর্ঘ দেড় বছর অপেক্ষা করার পর ফের ২০২১ সালের ১০ সেপ্টেম্বর ফের পুরসভার চেয়ারপার্সনকে অভিযোগ জানান ৩৪ বছরের রাজ্য সরকারি দফতরে কাজ করে অবসর নেওয়া বৃদ্ধ। কিন্তু তারপরেও পুরসভা সাড়া না দেওয়ায় হাইকোর্টে রিট পিটিশন দাখিল করেন নিতাইবাবু। এই মামলায় জড়ানো হয়েছে রাজ্যের পুর ও নগরোন্নয়ন সচিব, খড়গপুর পুরসভার চেয়ারপার্সন, কার্যনির্বাহী আধিকারিক, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, খড়গপুরের মহকুমা শাসক এবং সুধা ডেভেলপার কনস্ট্রাকশন (হোল্ডিং নং ৫১১/৪৪৩, আইডি নং ৫৮৮১, ওয়ার্ড নং ৩) এর দুই কর্তা এন কৃষ্ণা রাও ও প্রদীপ ভট্টাচার্যকে।

নিতাইবাবু বলেন, ফ্ল্যাটে অগ্নিকাণ্ড বা কোনো প্রাকৃতিক বিপর্যয় হলে, দমকল ঢোকার ন্যূনতম জায়গাটুকুও রাখা হয়নি। শুধু নির্মীয়মান ফ্ল্যাটের পিছনদিক নয়, বাকি তিন দিকেও পুরবিধি মেনে ছাড় দেওয়া হয়নি।

তিন নং ওয়ার্ডের কাউন্সিলর তৈমুর আলি খান বলেন, 'মামলার বিষয়ে আমি কিছু জানি না। ফ্ল্যাটের ছাড়পত্র এখন চেয়ারম্যানই দেন। কাউন্সিলরদের কোনো ক্ষমতা নেই। তাই কি হয়েছে বলতে পারব না।'

স্বামী ও মেয়েকে খুনের চেষ্টা স্ত্রীর

নিজস্ব প্রতিনিধি— স্ত্রী মনে করতেন পরিবারের উপর অশুভ শক্তির প্রভাব পড়েছে। এই সন্দেহকে কেন্দ্র করেই পারিবারিক অশান্তি শুরু হয়। এরপরই স্বামী ও মেয়েকে কুপিয়ে খুন করার চেষ্টা করেন স্ত্রী। ওই মহিলা নিজেও জখম হয়েছেন। এই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে হুগলির পাণ্ডুয়ায়। তিনজনকেই হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। জানা গিয়েছে সুবিকাশ ঘোষ হুগলির পাণ্ডুয়ায় ইটাচুনায় স্ত্রী তন্দ্রা ও মেয়ে সুলগ্নার সঙ্গে থাকতেন। একটি প্রাথমিক স্কুলে বহু বছর শিক্ষকতা করেছে সুবিকাশবাবু। স্থানীয় ও পুলিশ সূত্রে খবর, বৃহস্পতিবার সন্ধ্যে থেকেই অশান্তি চলছিল সুবিকাশবাবুর পরিবারে। গ্রামবাসীরা এই জন্য তাঁদের বাড়িতেও যান। অভিযোগ তাঁরা দরজা খোলেনি। এরপর রাত প্রায় এগারোটা নাগাদ ঘোষবাড়ি থেকে তীব্র আর্তনাদ শুনতে পান স্থানীয়রা। খবর দেওয়া হয় পাণ্ডুয়া থানায়। পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে ডাকাডাকি শুরু করে। কিন্তু তখনও দরজা খোলা হয়নি। এরপর দরজা ভাঙে পুলিশ। পাণ্ডুয়া থানার পুলিশরা দেখে ঘর ভেসে যাচ্ছে রক্তে। ভিতরে নগ্ন অবস্থাতে রয়েছে সুবিকাশ, সুলগ্না ও তন্দ্রা। তন্দ্রা হাতে ছিল ধারালো অস্ত্র। সেই অস্ত্র নিয়ে সে তখন মেয়ের পায়ে এলোপাথাড়ি কোপ দিচ্ছিল। পুলিশ দেখতে পেয়ে তন্দ্রার হাত থেকে অস্ত্রটি কেড়ে নেওয়ার চেষ্টা করে। সেই সময় থানার ওসিকেও আক্রমণের চেষ্টা করে তন্দ্রা। রাতেই জখম অবস্থাতে তিনজনকে উদ্ধার করে ইমামবাড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, বছর পাঁচেক আগে ধর্মান্তরিত হন সুবিকাশবাবুরা হিন্দু ধর্ম ছেড়ে খ্রিস্টান ধর্ম গ্রহণ করেন তাঁরা। তন্দ্রা দিনভর প্রার্থনা নিয়েই ব্যস্ত থাকতেন। অশুভ শক্তির প্রভাব কাটাতে নানারকম ধর্মীয় চর্চা করতেন। তদন্তে প্রাথমিক ভাবে পুলিশের অনুমান, তন্দ্রাদেবীর ধারণা হয়েছিল যে স্বামী সুবিকাশবাবুর উপর অশুভ শক্তির প্রভাব পড়েছে। সেই ঘটনার জেরেই অশান্তি লাগে। যার ফলস্বরূপ স্বামী ও মেয়েকে কুপিয়ে খুনের চেষ্টা করেন তন্দ্রাদেবী।

বিষপানকারী শিক্ষকরা যোগ দেবেন তৃণমূলে

নিজস্ব প্রতিনিধি— বদলির প্রতিবাদে গত অগাস্ট মাসে বিকাশ ভবনের সামনে বিষ খেয়ে আত্মহত্যার চেষ্টা করেন পাঁচ শিক্ষক আগামী ২১ নভেম্বর, রবিবার দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবারের রবীন্দ্র ভবনে তৃণমূলের সভায় 'শিক্ষক ঐক্য মুক্তি মঞ্চ'-এর লক্ষাধিক সদস্য তৃণমূলে যোগ দিচ্ছেন। ওই সভায় হাজির থাকবেন বিধায়ক তথা শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এবং তৃণমূলের ডায়মন্ড হারবার-যাদবপুর সাংগঠনিক জেলার সভাপতি শুভাশিস চক্রবর্তী, বর্ষীয়ান তৃণমূল নেতা শক্তি মণ্ডল প্রমুখ।

গত ২৪ অগাস্ট সল্টলেকের বিকাশ ভবনের সামনে বিষ খেয়ে আত্মহত্যার চেষ্টা করেন পাঁচ শিক্ষক, পুতুল জানা মণ্ডল, অনিমা নাগ, ছবি চাকী দাস, শিখা দাস এবং জ্যোৎস্না টুডু। তড়িঘড়ি তাঁদের হাসপাতালে নিয়ে যায় পুলিশ। চিকিৎসার পর সুস্থ হন তাঁরা। 'শিক্ষক ঐক্য মুক্তি মঞ্চ'-এর ব্যানারে শিক্ষকদের বদলি-সহ একাধিক দাবিতে আন্দোলন করছিলেন তাঁরা। সেই সংগঠনই এ বার তৃণমূলে বিলীন হতে চলেছে। সংগঠনের রাজ্য সম্পাদক মইদুল ইসলাম বলছেন, "মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কথায় আমরা আশ্বস্ত হয়েছি। তাঁরা আমাদের দাবি দাওয়া গুরুত্ব দিয়ে বিবেচনার আশ্বাস দিয়েছেন। মুখ্যমন্ত্রীর কথায় ভরসা রাখছি। এই মুহূর্তে আমাদের সামনে আরও বড় বাঁধা কেন্দ্রীয় সরকারের জাতীয় শিক্ষানীতি। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমরা আগামী দিনে এর বিরুদ্ধে আন্দোলন জারি রাখব।" বিষপানকারী এক শিক্ষিকা ছবি চাকী দাস বলেছেন, "মুখ্যমন্ত্রী আমাদের আশ্বাস দিয়েছেন। আমরা খুশি। আমাদের সংগঠন তাই তৃণমূলে মিশে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে।" তৃণমূল নেতা শুভাশিস চক্রবর্তী বলেন, "মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আস্থা রেখে রবিবার 'শিক্ষক ঐক্য মুক্তি মঞ্চ'-এর সকল পদাধিকারী ও সদস্য তৃণমূলে চলে আসছেন। মূলত কেন্দ্রীয় সরকারের শিক্ষাক্ষেত্রে গৈরিক সন্ত্রাসের বিরুদ্ধে তাঁরা লড়াই করতে চান। আগামী দিনে তৃণমূলের পতাকা ধরেই ওঁরা আন্দোলন করবেন।" শিক্ষকদের বিভিন্ন দাবি দাওয়া নিয়ে আন্দোলন করে 'শিক্ষক ঐক্য মুক্তি মঞ্চ'। বদলির প্রতিবাদে এর আগে নবান্নের সামনে বিক্ষোভ দেখিয়েছেন তাঁরা। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর বাড়ি কিংবা বিধানসভার সামনেও একই দাবিতে আন্দোলন করতে দেখা গিয়েছে। এমন কি মুখ্যমন্ত্রীর কালীঘাটের বাড়ির পিছনে আদি গঙ্গায় নেমেও প্রতিবাদ জানিয়েছিলেন তাঁরা। গত ২৪ অগাস্ট 'শিক্ষক ঐক্য মুক্তি মঞ্চ'-এর সদস্যরা বিক্ষোভ দেখাচ্ছিলেন সল্টলেকের বিকাশ ভবনের সামনে। পুলিশ বাঁধা দিতে এলে তাঁরা বিষ খান।

ভবানীপুর গুরুদোয়ারাতে শুক্রবার গুরু নানকের জন্মদিন উপলক্ষে প্রার্থনা। —দিলীপ দত্ত

৭৬-এর জন্মদিন পালিত সমাজসেবায়

নিজস্ব সংবাদদাতা, বারাসত, ১৯ নভেম্বর— ৭৬তম জন্মদিন উপলক্ষে শুক্রবার বারাসত নবপল্লী কাঁঠালতলায় নিজের বাড়ির সামনে দুঃস্থ, অসহায় ও প্রতিবন্ধী মানুষের হাতে কম্বল তুলে দেন আইনজীবী সুভাষ রঞ্জন সেনগুপ্ত। তাঁর সাথে ছিলেন তাঁর স্ত্রী জলি সেনগুপ্ত সহ পরিবারের সদস্যরা। একইসাথে এদিন তাঁদের হাতে মিষ্টির প্যাকেট ও ফুড প্যাকেটও তুলে দেন সুভাষ বাবু। অভিনবভাবে সুভাষ রঞ্জন সেনগুপ্তর জন্মদিন পালনের এদিন উদ্যোগ নেয় সুভাষবাবুর পরিবার। কোভিড বিধি মেনেই এদিন সুভাষ রঞ্জন সেনগুপ্তর ৭৬তম জন্মদিন পালন হয় তাঁর নিজ বাসভবনের সামনেই। ছিলেন কাঁঠালতলা দুর্গাপুজো কমিটির সভাপতি তাপস দাস সহ স্থানীয়রা। এদিন সুভাষ রঞ্জন সেনগুপ্তর জন্মদিন উপলক্ষে বারাসাত হাটখোলার প্রতিবন্ধীদের ও হৃদয়পুর স্টেশন সংলগ্ন পথশিশু ও ভবঘুরেদের খাওয়ানোরও ব্যবস্থা করা হয়। হৃদয়পুর নবসোপানের উদ্যোগে হওয়া সুভাষ রঞ্জন সেনগুপ্তর ওই জন্মদিন কেক কেটে পালন করেন পথশিশুরাও।

'ওঁরা চিরকালই দেশদ্রোহী', অপর্ণা সেনকে কটাক্ষ দিলীপের

নিজস্ব প্রতিনিধি— বিএসএফ সম্পর্কে মন্তব্য করে ইতিমধ্যেই আইনি জটে অভিনেত্রী-পরিচালক অপর্ণা সেন। মেদিনীপুরের বিজেপি সাংসদ দিলীপ ঘোষ এবার তাঁকে তীব্র আক্রমণ করে 'দেশদ্রোহী' বলে কটাক্ষ করলেন তিনি। কলকাতায় থাকলে প্রতিদিনই প্রাতঃভ্রমণে ইকো পার্কে যান প্রাক্তন রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষ। শুক্রবারও তার অন্যথা হয়নি। এদিন সেখান থেকেই অপর্ণা সেনকে তীব্র আক্রমণ করেন দিলীপ। বলেন, ওরা চিরকালই দেশদ্রোহী। সব কিছুর বিরোধিতা করাই ওদের কাজ। বরাবরই হিন্দুত্বের বিরোধিতা করে এসেছেন। দেশের মানুষের থেকে অর্থ, সম্মান পেয়েছেন, দেশের মানুষরা সব দিয়েছেন কিন্তু তাঁরা দেশের মানুষের স্বার্থ নিয়ে ভাবেন না। এখনও বুঝতে পারছে না যে মানুষ সবটা বোঝে। মানুষের মন বুঝছেন না। দিলীপ ঘোষের দাবি, বিএসএফের ক্ষমতা বৃদ্ধিতে আদতে আমজনতারই সুবিধা। কিন্তু শুধুমাত্র নিজেদের অস্তিত্ব জাহির করতে বিরোধিতা করছেন অপর্ণা সেন-সহ বিদ্বজনরা।

বাবুল সুপ্রিয়কেও আক্রমণ করে মেদিনীপুরের সাংসদ দিলীপ ঘোষ বলেন, প্রার্থীই তো দিতে পারেননি, প্রচারে গিয়ে কী লাভ? পালটা দিতে ছাড়েননি বাবুলও। তিনি বলেন, ও তো এন্টারটেইনমেন্ট ক্যারেক্টার।

উল্লেখ্য, সোমবার বিএসএফের এক্তিয়ার বাড়ানো প্রসঙ্গে অভিনেত্রী-পরিচালক অপর্ণা সেন বলেছিলেন, মিলিটারিদের যতটা ক্ষমতা দেওয়ার কথা, তার থেকেও বেশি দেওয়া হচ্ছে। ছিটমহলের বাসিন্দাদের কথা ভাবলেই শিউরে উঠি। এমনিতেই তাঁদের অবস্থা খারাপ, তার উপরে বিএসএফের ক্ষমতা বাড়লে তা আরও দুর্বিষহ হবে। সেই মন্তব্যের জেরে অপর্ণা সেনকে আইনি চিঠি পাঠানো হয়েছে অনির্বাণ গঙ্গোপাধ্যায়ের পক্ষ থেকে।

চিংড়িঘাটা: মমতার ধমকের পর পথ নিরাপত্তায় পুলিশ প্রশাসন

নিজস্ব প্রতিনিধি— মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় চিংড়িঘাটার রাস্তায় বিধাননগর-কলকাতার পুলিশ কর্তাদের দেখা গিয়েছে। এবার প্রশাসনিক তৎপরতা চোখে পড়ল। শুক্রবার চিংড়িঘাটা ফুটওভারব্রিজ পরিদর্শন করলেন মন্ত্রী সুজিত বসু। তিনি জানান, খুব শীঘ্রই সাধারণের জন্য ফুট ওভারব্রিজ চালু করা হবে। চিংড়িঘাটাতে একের পর এক দুর্ঘটনা। মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে এই বিষয়ে পুলিশকে কড়া ধমক খেতে হয়। চিংড়িঘাটা পরিদর্শন করতে যান রাজ্যের ডিজি। এছাড়াও বিধাননগরের পুলিশ কমিশনার সুপ্রতিম সরকার সহ কলকাতা পুলিশের কর্তারাও চিংড়িঘাটাতে যান। সেদিনই মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, চিংড়িঘাটাতে একটা ফুট ওভারব্রিজ তৈরি করে দেওয়া হচ্ছে। এরপরই শুক্রবার চিংড়িঘাটা ফুটওভারব্রিজ পরিদর্শনে যান মন্ত্রী সুজিত বসু। তাঁর সঙ্গে ছিলেন কেএমডিএ এবং কলকাতা ও বিধাননগর পুলিশ কমিশনারেটের কর্তাব্যক্তিরা। ফুটওভারব্রিজ পরিদর্শনের পর সুজিত বসু বলেন, 'চিংড়িঘাটায় কেন একের পর এক দুর্ঘটনা ঘটছে, তা খতিয়ে দেখা হবে। কী কারণে চিংড়িঘাটায় বার বার দুর্ঘটনা ঘটছে, কেনই বা যানজট তৈরি হচ্ছে, তা খতিয়ে দেখা হচ্ছে। কেএমডিএ'র তরফে আইআইটি খড়গপুরকে সমীক্ষার দায়িত্ব দেওয়া হয়েছে।' মন্ত্রী সুজিত বসুর আশ্বাস, খুব শীঘ্রই চিংড়িঘাটার ফুট ওভারব্রিজ চালু হবে। তিনি আরও জানিয়েছেন, ফুটওভারব্রিজের পর একটি সাবওয়ে তৈরির পরিকল্পনাও রয়েছে। স্থানীয় বাসিন্দারা জানালেন, চিংড়িঘাটা ফুটওভারব্রিজ চালু হলে সুকান্তনগর, বাসন্তী কলোনি সহ বেশ কয়েকটি এলাকার মানুষ উপকৃত হবেন। দুর্ঘটনা অনেকটাই কমবে বলে আশা করছেন তাঁরা। ইতিমধ্যেই চিংড়িঘাটাতে বাড়ানো হয়েছে পুলিশি নজরদারি। মাইকিংয়ের মাধ্যমে পথচারীদের সতর্ক করার কাজও শুরু হয়েছে।

কলকাতা পুরসভার ৯৯ নং ওয়ার্ডে নবারুণ সংঘের উদ্যোগে এক অনুষ্ঠানে শিল্পী রূপঙ্করকে সম্মানিত করছেন নিশীথ চক্রবর্তী, দীপায়ন ঘোষ প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যাদবপুরের বিধায়ক দেবব্রত মজুমদার, ৯৭ নং ওয়ার্ডের কো-অর্ডিনেটর মিতালি ব্যানার্জি ও বিশ্বজিৎ দাস।

একসপ্তাহের মধ্যে 'বিএসএফ, ইডি, সিবিআই' নিয়ে বিধানসভার প্রস্তাবনার কপি চাইলেন রাজ্যপাল

নিজস্ব প্রতিনিধি— বিএসএফের এলাকা বৃদ্ধির সিদ্ধান্তের প্রতিবাদে বিধানসভায় যে প্রস্তাব পাশ হয়েছে তার কপি চেয়ে পাঠালেন রাজ্যপাল জগদীপ ধনকড়। শুক্রবার বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের দৃষ্টি আকর্ষণ করে রাজ্যপাল জানিয়েছেন, এক সপ্তাহের মধ্যে ওই প্রস্তাবের কপি তাঁর কাছে যেন পাঠানো হয়। সেইসঙ্গে ইডি ও সিবিআইয়ের বিষয়টিকে যে ভাবে প্রিভিলেজ কমিটিতে পাঠানো হয়েছে তারও প্রতিলিপি চাওয়া হয়েছে রাজভবনের তরফে। সম্প্রতি কেন্দ্রীয় সরকার একটি নির্দেশিকা জারি করেছে। তাতে বিএসএফের এক্তিয়ারের এলাকা ১৫ কিলোমিটার থেকে বাড়িয়ে ৫০ কিলোমিটার করা হয়েছে। যা নিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠিও লিখেছেন। দেখা যাচ্ছে, এই নির্দেশিকার ফলে বাংলার ১১টি জেলার সদর শহর বিএসএফের এক্তিয়ারে চলে আসছে। অর্থাৎ এইসমস্ত এলাকায় বিএসএফ তল্লাশি, জিজ্ঞাসাবাদ সবই করতে পারবে। তৃণমূলের বক্তব্য, এই নির্দেশিকা আসলে রাজ্যের ক্ষমতাকে খর্ব করার ছক। তার বিরুদ্ধেই বিধানসভায় প্রস্তাব উত্থাপন করেছিল শাসকদল। তাতে ভোটাভুটিও হয়। স্বাভাবিক ভাবেই তৃণমূলের সংখ্যার সামনে বিজেপির বিরোধিতা ধোপে টেকেনি। তা ছাড়া নারদ তদন্তে বিধানসভার অনুমতি না নিয়ে ফিরহাদ হাকিম, মদন মিত্র, প্রয়াত সুব্রত মুখোপাধ্যায়কে ইডি ও সিবিআইয়ের তলব নিয়ে স্বাধিকার ভঙ্গের নোটিস দিয়েছিলেন স্পিকার। দুই কেন্দ্রীয় এজেন্সির আধিকারিকরা বিধানসভায় এসে হাজিরাও দিয়ে গিয়েছিলেন। এরপর তা প্রিভিলেজ কমিটিতে পাঠিয়েছেন অধ্যক্ষ। রাজ্যপাল সেই ফাইলও চেয়ে পাঠিয়েছেন।